

প্রেস রিলিজ
১০ এপ্রিল ২০২৫

বাউবির এসএসসি পরীক্ষা শুরু আগামীকাল

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) পরিচালিত এসএসসি প্রোগ্রামের পরীক্ষা-২০২৫ আগামীকাল ১১ এপ্রিল ২০২৫ শুক্রবার থেকে দেশব্যাপী একযোগে শুরু হতে যাচ্ছে। সারাদেশে অবস্থিত বিভিন্ন সরকারি ও বেসরকারি স্কুল/শিক্ষা প্রতিষ্ঠানে সর্বোমোট ১৯৮টি কেন্দ্রে এই পরীক্ষা একযোগে অনুষ্ঠিত হবে। প্রথম ও দ্বিতীয় বর্ষে মোট ৩৪ হাজার ২ শত ৫৪ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করবেন। পরীক্ষার্থীদের মধ্যে ২২ হাজার ৩ শত ৫৩ জন পুরুষ এবং ১১ হাজার ৯ শত ০১ জন নারী। এ পরীক্ষা বাউবি নির্ধারিত রুটিন অনুযায়ী শুক্রবার ও শনিবার দিনগুলোতে সকাল ও বিকালে অনুষ্ঠিত হবে। পরীক্ষা ০৯ মে ২০২৫ তারিখ শুক্রবারে শেষ হবে।

প্রতিবছরের মতো এবারও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ স্থানীয় প্রশাসনের সহযোগিতায় নকলমুক্ত ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন। এছাড়াও বাউবি থেকে ভিজিটর টিম বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে দায়িত্ব পালন করবেন। বিস্তারিত বাউবির ওয়েবসাইট www.bou.ac.bd থেকে জানা যাবে।



মো: খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল: ০১৭১১২০৭৬৯৮